# এলিভেটেড এক্সপ্রেসওয়েতে অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

রাজধানীর ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে থেকে মুখে স্কচটেপ লাগানো অবস্থায় এক অজ্ঞাত ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) সকালে এক্সপ্রেসওয়ের ওপর থেকে মরদেহটি উদ্ধার করা হয়।

পুলিশ জানিয়েছে, কীভাবে এবং কারা মরদেহটি সেখানে রেখে গেছে, তা তদন্ত করে দেখা হচ্ছে। ঘটনাস্থলসহ আশপাশের এলাকার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে সেগুলো পর্যালোচনা করছে আইনশৃঙ্খলা বাহিনী।

নিহত ব্যক্তির পরিচয় নিশ্চিত করার পাশাপাশি ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে বলে জানিয়েছে পুলিশ।

প্রাথমিকভাবে পুলিশের ধারণা, ওই ব্যক্তিকে অন্য কোনো স্থানে হত্যার পর পরিচয় গোপন করা এবং ঘটনার আলামত আড়াল করার উদ্দেশ্যে মরদেহটি এলিভেটেড এক্সপ্রেসওয়েতে ফেলে রাখা হতে পারে।

LENS ASIA

নিহত ব্যক্তি সিএনজিচালিত অটোরিকশার চালক হতে পারেন বলেও প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ। ঘটনার বিস্তারিত জানতে তদন্ত কার্যক্রম চলছে।